অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/16/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ ইয়র্কবাসীদের COVID-19 মহামারীর মধ্যে গুরুত্বপূর্ণ সুবিধা পেতে সাহায্য করার জন্য নতুন সরঞ্জামের কথা ঘোষণা করেছেন

সামাজিক প্রোগ্রামের সাথে অপরিচিত নিউ ইয়র্কবাসীদের জন্য সম্ভাব্য সুবিধাযুক্ত কর্মসূচী চিহ্নিত করার প্রক্রিয়া সুবিন্যস্ত করার জন্য Google.org এর সাথেপাবলিক-প্রাইভেট পার্টনারশিপ

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ একটি নতুন ওয়েব অ্যাপ্লিকেশন ঘোষণা করেছেন যা নিউ ইয়র্কবাসীদের তাদের প্রয়োজনের সময় তাদের সাহায্য করার জন্য সুবিধাসমূহ খুঁজে বের করতে সাহায্য করবে। Google.org সাথে একটি সরকারি-বেসরকারি অংশীদারিত্বের মাধ্যমে তৈরি এই ব্যবহার করা সহজ, সামাজিক পরিষেবা আবিষ্কার করার অ্যাপ্লিকেশনটি রাষ্ট্রের সামাজিক প্রোগ্রাম নেটওয়ার্কে নতুন বা তার সাথে অপরিচিত ব্যক্তিদের সাহায্য করবে।

"COVID-19 নিউ ইয়র্কে সমাজসেবার অভূতপূর্ব চাহিদা সৃষ্টি করেছে, যার মধ্যে রয়েছে পরিবার এবং ব্যক্তিগণ যারা এর আগে কখনও সামাজিক কর্মসূচীর উপর নির্ভর করেননি," **গভর্নর কুওমো বলেন।** "এই নতুন ওয়েব অ্যাপ্লিকেশন, যা একটি সরকারি-বেসরকারি অংশীদারিত্বের ফলাফল, নিউ ইয়র্কবাসীদের একটি ব্যবহার করতে সহজ, কলঙ্কমুক্ত সংস্থান প্রদান করবে তাদের প্রয়োজনীয় সাহায্য এবং ত্রাণ পেতে।"

"ফাইন্ড সার্ভিসেস" ওয়েব অ্যাপ্লিকেশন সামাজিক প্রোগ্রামের প্রথম ব্যবহারকারীদের জন্য একটি ব্যবহার করা সহজ সূচনার বিন্দু প্রদান করে। ওয়েব অ্যাপ্লিকেশনটি প্রত্যেক ব্যবহারকারীকে সহজ কিছু প্রশ্ন জিজ্ঞাসা করেযার উদ্দেশ্য হচ্ছে সম্ভাব্য পরিষেবাগুলির ক্ষেত্রকে সংকুচিত করা সেই পরিষেবাগুলিতে যা তাদের চাহিদা পূরণের জন্য সর্বোত্তম। প্রশ্নের উত্তর দেওয়ার পর, ব্যবহারকারীকে সম্ভাব্য পরিষেবাগুলির একটি পদমর্যাদা অনুযায়ী তালিকা প্রদান করা হয় বিবরণ সহ যাতে পরিষেবাটি তাদের জন্য সঠিক কিনা তা বাসিন্দাদের বিচার করতে সাহায্য হয় এবং কিভাবে আবেদন করতে হয় সে সম্পর্কে আরো তাদের তথ্য প্রদান করার জন্য।

রাষ্ট্রীয় তথ্য প্রযুক্তি সেবা দপ্তর (Office of Information Technology Services) এবং অস্থায়ী ও প্রতিবন্ধকতা সহায়তা দপ্তরের (Office of Temporary and Disability Assistance) মধ্যে ছয় মাসের সহযোগিতায় করদাতাদের উপর কোন ব্যায়ভার আরোপ না করে ওয়েব অ্যাপ্লিকেশনটি তৈরি করা হয়, যা নিউ ইয়র্কের বহু সমাজসেবা কর্মসূচীর তত্বাবধান করে, এবং গভর্নরের COVID-19 টেক সোয়াট দলের সমর্থনের জন্য 10 জন পূর্ণ সময়ের বিনামূল্যের Google.org কর্মীদের একটি

দল প্রদান করে। এই অনন্য সরকারি-বেসরকারি অংশীদারিত্ব নেতৃস্থানীয় প্রযুক্তি কোম্পানির সহায়তা তালিকাভুক্ত করেছে এবং শুরু থেকে প্রায় চার মিলিয়ন নিউ ইয়র্কবাসীকে সাহায্য করেছে। অন্যান্য সরকারী প্রতিষ্ঠানগুলিকে তাদের বাসিন্দাদের চাহিদা পূরণের জন্য এই প্রকল্পে নির্মাণের সুযোগ দেওয়ার জন্য এই ওয়েব অ্যাপ্লিকেশনের কোড ওপেন সোর্স করা হয়েছে।

অ্যাপ্লিকেশনের তিন সপ্তাহের পাইলটের সময়, 100,000 এর বেশি নিউ ইয়র্কবাসী ওয়েব অ্যাপ্লিকেশনটি অ্যাক্সেস করেছেন। নিউ ইয়র্কবাসীদের চাহিদা সব চেয়ে ভালোভাবে পূরণের জন্য সময়ের সাথে সাথে অ্যাপ্লিকেশনটি সংশোধন করতে বাসিন্দাদের কোথায় সাহায্যের প্রয়োজন তা বুঝতে রাজ্য বিশ্লেষণ তথ্য ব্যবহার করবে।

তথ্য প্রযুক্তি পরিষেবা (Information Technology Services, ITS) এর অন্তর্বর্তীকালীন প্রধান তথ্য কর্মকর্তা এবং পরিচালক জেরেমি গোল্ডবার্গ বলেন, "গভর্নর কুওমোর নেতৃত্বে নিউ ইয়র্ক স্টেট করোনাভাইরাস বিপর্যয়ের মোকাবেলা করার জন্য জরুরিভাবে এবং স্থিতিশীলতার সাথে অগ্রসর হয়েছে। আমাদের প্রতিক্রিয়ার প্রচেষ্টাকে সমর্থন করার জন্য আমরা সারা রাজ্য জুড়ে নাগরিক মনস্ক প্রযুক্তিবিদদের কাছ থেকে অভূতপূর্ব সমর্থন পেয়েছি। আমরা এই সহায়তাকে স্বাগত জানিয়েছিলাম এবং এই দলের সাথে হাত মিলিয়ে কাজ করেছি তাদের সাহায্য করতে যাদের তা সব চেয়ে বেশি প্রয়োজন।"

নিউ ইয়র্কের সমাজ সেবা কর্মসূচী বিশ্বব্যাপী মহামারীর শুরু থেকে বহুল পরিমাণে বৃদ্ধি পেয়েছে। আরো নিম্ন আয়ের নিউ ইয়র্কবাসীরা গুরুত্বপূর্ণ সুবিধাসদমূহ গ্রহণ করছে, যার মধ্যে আছে সম্পূরক পুষ্টি সহায়তা প্রোগ্রাম (Supplemental Nutrition Assistance Program) এবং অস্থায়ী নগদ সহায়তা।

OTDA কমিশনার মাইক হেইন বলেছেন, "এখন আগের চেয়ে আরো বেশি, যোগ্য নিউ ইয়র্কবাসীদের জন্য তাদের এবং তাদের পরিবারকে তাদের প্রয়োজনের সময়ে সাহায্য করার জন্য প্রস্তুত প্রোগ্রামে সহজে প্রবেশাধিকার পাওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই নতুন ওয়েব অ্যাপ্লিকেশন ব্যক্তি এবং পরিবারের জন্য একটি কলঙ্কমুক্ত প্ল্যাটফর্ম প্রদানের জন্য সামাজিক কর্মসূচীগুলি অন্বেষণ করতে এবং পরিচিত হতে আমাদের চলমান প্রচেষ্টাকে প্রসারিত করে, যা তাদের জীবনে একটি বিশাল পার্থক্য সৃষ্টি করতে পারে।"

Google.org প্রেসিডেন্ট জ্যাকুয়েলিন ফুলার বলেন, "সামাজিক সেবা খোঁজা কঠিন হতে পারে, বিশেষ করে যদি আপনি না জানেন কোথায় শুরু করতে হবে। Google.org ফেলোরা নিউ ইয়র্কের বাসিন্দাদের জন্য প্রয়োজনীয় প্রোগ্রাম খুঁজে বের করা এবং অ্যাক্সেস করা সহজ করতে চায়, বিশেষ করে সংকটের সময়ে। ছয় মাসের মধ্যে এবং 10,000 ঘন্টা বিনামূল্যের কাজের সময় দান করে, দলটি নিউ ইয়র্ক স্টেটের অদম্য নেতৃত্বের সাথে গুগলারদের প্রযুক্তিগত দক্ষতা একত্রিত করে শুরু থেকে একটি ওয়েব অ্যাপ্লিকেশন তৈরি করতে সক্ষম হয়। গুগল গত 20 বছর ধরে নিউ ইয়র্ককে তার বাড়ি বলেছে এবং আমাদের সম্প্রদায়গুলির স্বাস্থ্য এবং নিরাপত্তা নিশ্চিত করতে গভর্নর কুওমো এবং টেক সোয়াট টিমের সদস্যদের পাশে দাঁড়াতে পেরে আমরা গর্বিত।"

মার্চ মাসে গভর্নর কুওমো ITS-কে প্রযুক্তি সম্প্রদায়ের সদস্যদের থেকে স্বেচ্ছাসেবক জোগাড় করতে নির্দেশ দেন অভূতপূর্ব করোনাভাইরাস মহামারীর অভূতপূর্ব চ্যালেঞ্জ মোকাবেলায় সাহায্য করার জন্য, যাতে নিউ ইয়র্ক স্টেটের সমন্বিত, নির্ণায়ক এবং দ্রুত বিবর্তনশীল প্রতিক্রিয়ায় সহায়তা করা যায়। ITS গভর্নরের অফিস এবং স্টেট আর্থিক পরিষেবা বিভাগের (State Department of Financial Services) সাথে কাজ করেছে যাতে উচ্চ প্রশিক্ষিত নাগরিক মনের প্রযুক্তিগত পেশাদারদের স্বেচ্ছাসেবক দল রাজ্যের প্রতিক্রিয়ায় 90-দিনের সময়কাল অনুযায়ী সহায়তা করার জন্য কাজ করে।

নিউ ইয়র্ক স্টেট COVID-19 টেক 'সোয়াট' টিম চলমান প্রতিক্রিয়ার সময় অপারেশন, বিশ্লেষণ, যোগাযোগ এবং অন্যান্য জটিল প্রয়োজনে রাজ্যের এজেন্সিগুলিকে সহায়তা করেছে। দলটি 21টি বৃহৎ প্রকল্প সম্পূর্ণ করেছে যা সম্পূর্ণভাবাITSএটিই, নিউ ইয়র্ক স্টেট ডিজিটাল সার্ভিস (New York State Digital Service) টিম এবং স্টেট অফিস অফ জেনারেল সার্ভিসেস-এর (Office of General Services) অভ্যন্তরীণ সরকারী দল দ্বারা পরিচালিত এবং তার নেতৃত্বাধীন। 19টি প্রকল্প বিনামূল্যে সম্পূর্ণ করা হয়েছিল, যা সম্মিলিতভাবে 25,000 ঘন্টার স্বেচ্ছাসেবক সহায়তা প্রদান করে এবং করদাতাদের আনুমানিক 14 মিলিয়ন মার্কিন ডলার সংরক্ষণ করে।

###

আরও সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন